

কার্যধারার বিরুদ্ধে দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনগত কার্যধারা দায়ের বা রুজু করা যাইবে না।

২৩। এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজীতে অনূদিত একটি পাঠ প্রকাশ করিবে, যাহা এই আইনের অনুমোদিত ইংরেজী পাঠ (Authentic English Text) নামে অভিহিত হইবেঃ

ইংরেজীতে অনূদিত
পাঠ প্রকাশ

তবে শর্ত থাকে যে, এই বাংলা পাঠ ও উক্ত ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে এই বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠান শ্রমিক (চাকুরীর শর্তাবলী)

আইন, ২০০৬

২০০৬ সনের ২৮নং আইন

[১৩ জুলাই ২০০৬]

পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকগণের চাকুরীর শর্ত নির্ধারণকল্পে গঠিত জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশনের কতিপয় সুপারিশ বিবেচনা করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকল্পে প্রণীত আইন

যেহেতু পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকগণের চাকুরীর শর্ত নির্ধারণকল্পে জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশনের কতিপয় সুপারিশ বিবেচনা করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

সংক্ষিপ্ত শিরোনাম,
প্রবর্তন ও প্রয়োগ

১। (১) এই আইন পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠান শ্রমিক (চাকুরীর শর্তাবলী) আইন, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যেই তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন কার্যকর হইবে।

(৩) এই আইন সমগ্র বাংলাদেশের পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

সংজ্ঞা

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(ক) “কমিশন” অর্থ ২৩ চৈত্র, ১৪১১ মোতাবেক ৬ এপ্রিল, ২০০৫ ইংরেজী তারিখে জারীকৃত রিজলিউশন নম্বর শ্রকম/শা-৬/মজুরী কমিশন-২/২০০৫/৫৪ এর মাধ্যমে গঠিত জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন, ২০০৫;

(খ) “নাইট শিফট” অর্থ প্রতিদিনের কাজ বিভিন্ন শিফটে সম্পন্ন করা হয়, এইরূপ রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে রাত্রি ১২ (বারো) টার পরে পরিচালিত কোন শিফট;

(গ) “পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠান” অর্থ সরকারের মালিকানাধীন, রাষ্ট্রায়ত্ত্ব, সরকারে ন্যস্ত বা সরকার কর্তৃক পুনঃগ্রহণকৃত (taken over) পণ্য উৎপাদনশীল কোন শিল্প প্রতিষ্ঠান;

(ঘ) “শ্রমিক” অর্থ মজুরী বা অন্য কোন ধরনের পারিশ্রমিকের বিনিময়ে কর্মরত যে কোন দক্ষ বা অদক্ষ ব্যক্তি;

তবে শর্ত থাকে যে, ব্যবস্থাপনা, প্রশাসনিক, তদারকী অথবা শুধুমাত্র করণিক কাজে নিয়োজিত ব্যক্তি বা শিল্প ইউনিটের সহিত সংযুক্ত থাকা বা না থাকা নির্বিশেষে কোন কৃষি খামারে কর্মরত ব্যক্তি ইহার অন্তর্ভুক্ত হইবেন না।

৩। (১) Industrial Relations Ordinance, 1969 (XXIII of 1969) বা আপাততঃ বলবৎ অন্য কোন আইন বা কোন বিধি, প্রবিধান, উপ-আইন, চুক্তি, রোয়েদাদ, মীমাংসা, প্রথা, রীতি বা চাকুরীর শর্তাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, সরকার, কমিশনের কোন সুপারিশ বিবেচনা করিয়া বাস্তবায়নের উদ্দেশ্যে সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিককে প্রদেয় মজুরী, বাড়ীভাড়া ভাতা, চিকিৎসা

কমিশনের কতিপয় সুপারিশ বিবেচনা করিয়া শ্রমিকের চাকুরীর শর্তাবলী নির্ধারণে সরকারের ক্ষমতা।

ভাতা, যাতায়াত ভাতা, ধোলাই ভাতা, উৎসব ভাতা/বোনাস, ছুটি নগদায়ন, কনট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড, টিফিন ভাতা, গ্রাচ্যুইটি, হিল এলাউস, রোটেটিং শিফট ডিউটি এলাউস ও রিটায়ারমেন্ট বেনিফিট নির্ধারণ করিতে পারিবে। বর্ণিত প্রান্তিক সুবিধা ব্যতীত অন্যান্য যে সকল প্রান্তিক সুবিধা ২০০০ সালের মজুরী কাঠামোতে (জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন-১৯৯৮ এর সুপারিশের ভিত্তিতে প্রবর্তিত) প্রবর্তন করা হইয়াছিল তাহাও পূর্বের নিয়মে ও হারে বহাল থাকিবে। তবে পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠানসমূহের কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন শ্রমিককে উপরিউক্তভাবে নির্ধারিত সুযোগ-সুবিধার অতিরিক্ত সুযোগ-সুবিধা প্রদান করিতে পারিবে না।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত মজুরী, বাড়ীভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, ধোলাই ভাতা, উৎসব ভাতা/বোনাস, ছুটি নগদায়ন, কনট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড, টিফিন ভাতা, গ্রাচ্যুইটি, হিল এলাউস, রোটেটিং শিফট ডিউটি এলাউস, রিটায়ারমেন্ট বেনিফিট ও অন্যান্য প্রান্তিক সুবিধা প্রদানের নিমিত্ত পর্যায়ক্রমে ভূতাপেক্ষ কার্যকারিতা প্রদানের জন্য নিয়মাবলী সম্বলিত প্রজ্ঞাপন জারী করা যাইবে; উল্লেখ্য মজুরীর ভূতাপেক্ষ কার্যকারিতা ০১-০১-২০০৫ তারিখ হইতে এবং ভাতা ও প্রান্তিক সুবিধার নূতন হারের কার্যকারিতা ০১-০৭-২০০৬ তারিখ হইতে কার্যকর হইবে। বর্ণিত ভাতাদি ০১-০১-২০০৫ হইতে ৩০-০৬-২০০৬ পর্যন্ত ৩১-১২-২০০৪ তারিখে আহরিত অংকে প্রদেয় হইবে।

কতিপয় চুক্তি,
ইত্যাদি বাতিল

৪। ধারা ৩ এর অধীন সরকার কর্তৃক নির্ধারিত কোন সুযোগ-সুবিধা সম্পর্কে এই আইন প্রবর্তনের পূর্বে বা পরে সম্পাদিত চুক্তি উপনীত মীমাংসা বা প্রদত্ত রোয়েদাদ উক্ত ধারার অধীনে নির্ধারিত কোন কিছুর পরিপন্থী হইলে এইরূপ চুক্তি, মীমাংসা বা রোয়েদাদ বাতিল হইবে এবং উহা কোনভাবেই বলবৎযোগ্য হইবে না।

বিধি প্রণয়নের
ক্ষমতা

৫। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বিধি প্রণয়ন করিতে পারিবে।

রহিতকরণ

৬। পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠান শ্রমিক (চাকুরীর শর্তাবলী) আইন, ২০০০ (২০০০ সনের ৪২নং আইন) এতদ্বারা রহিত করা হইল।